



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ভোলা-২০৭/ ২৭২৪

তারিখঃ ৮/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ মাওলানা আবদুল মতিনকে সুপার পদের দায়িত্ব বুঝিয়ে দিয়ে বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশা/ভোলা-২০৭/২৬৯০; তারিখঃ ২২/০৮/২০১৭খ্রিঃ
২) নং- ০৫.১০.০৯৯১.০০০০.০২.০০১.১৭-১০৩; তারিখঃ ১৪/০৩/২০১৭খ্রিঃ
৩) নং- বামাশিবো/প্রশা/ভোলা-২০৭/১৮৯৯; তারিখঃ ২২/০৮/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার তজুমদ্দিন উপজেলাধীন চাঁচড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি অনুমোদন প্রদানের জন্য সুপার পরিচয়ে মোঃ সামছুদ্দিন কাগজপত্রসহ আবেদন করেন। অপরদিকে দাখিলকৃত ম্যানেজিং কমিটি ভূয়া দাবী করে তা বাতিল পূর্বক এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য সুপার দাবীদার মাওলানা আবদুল মতিন একখানা অভিযোগ দাখিল করেন।

একই সময়ে একই প্রতিষ্ঠানে দুইজন ব্যক্তির সুপার পদে দায়িত্ব পালন ও মাদ্রাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলাকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদনে মাওলানা মোঃ সামছুদ্দিন বর্তমানে সুপার হিসেবে দায়িত্ব পালন করলেও উভয়ের দাখিলকৃত কাগজপত্র ও লিখিত বক্তব্য পর্যালোচনায় এবং গণ্যমান্য ব্যক্তিবর্গের সাক্ষ্য প্রমাণে মাওলানা আবদুল মতিন উল্লিখিত 'চাঁচড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা'র প্রতিষ্ঠাকালীন সুপার ছিলেন মর্মে উল্লেখ করা হয়েছে।

চাঁচড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার হিসেবে কিভাবে মাওলানা আবদুল মতিন দায়িত্ব পালন করছেন সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ও সমর্থনীয় কাগজপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাঁকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে মাওলানা আবদুল মতিন জবাব দাখিল করেছেন। দাখিলকৃত জবাব, সমর্থনীয় কাগজপত্র ও উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিবেদন পর্যালোচনান্তে প্রতীয়মান হয় যে, মাওলানা আবদুল মতিন মাদ্রাসার প্রতিষ্ঠাকালীন সুপার ছিলেন।

বর্ণিত অবস্থায় উপজেলা নির্বাহী অফিসারের প্রতিবেদন ও প্রমানিত কাগজপত্রের আলোকে প্রতিষ্ঠাকালীন সুপার মাওলানা আবদুল মতিনকে সুপারের দায়িত্ব বুঝিয়ে দিয়ে বোর্ডকে অবহিত করার জন্য জনাব মোঃ সামছুদ্দিন (সুপার দাবীদার)-কে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৫.১০.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

✓ প্রাপকঃ জনাব মোঃ সামছুদ্দিন, সুপার দাবীদার
চাঁচড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, তজুমদ্দিন, ভোলা।

নং- বামাশিবো/প্রশা/ভোলা-২০৭/

তারিখঃ ১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা।
২. জেলা শিক্ষা অফিসার, ভোলা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তজুমদ্দিন, ভোলা।
৪. মাওলানা আবদুল মতিন, সুপার, চাঁচড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, তজুমদ্দিন, ভোলা।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪